ইত্তেফাক

তারিখ ২২।৬।৮১
পৃষ্ঠা ... কলাম ...



# কৃষি অনুষদ খোলার সম্ভাব্যতা পরীক্ষার জন্য কমিটি গঠন

ভাইস প্রেসিডেন্ট বিচারপতি জনাব আবদুস সাত্তার গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে কৃষি অনুষদের সম্ভাব্যতা পরীক্ষা করিয়া দেখার জন্য কৃষি ও বন বিভাগের প্রতিমন্ত্রী ডঃ ইকবাল মাহমুদের নেতৃত্বে ৬ সদস্য-বিশিষ্ট একটি কমিটি গঠন করিয়াছেন। কমিটির অপর সদস্যগণ হইতেছেন ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ ফজলুল হালিম চৌধুরী, ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ এ, কে, এম, আমিনুল হক, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদের নির্বাহী পরিচালক ডঃ কাজী এম, বদরুদ্দোজা, কৃষি ও বন মন্ত্রণালয়ের সচিব জনাব এ, জেড, এম ওবায়দুল্লাহ খান এবং স্বরাষ্ট্র সচিব জনাব এম, এম, জামান। একমাসের মধ্যে কমিটিকে রিপোর্ট দাখিল করিতে বলা হইয়াছে। খবর বাসস'র।